KOLKATA CYCLE SAMAJ

কলকাতা সাইকেল সমাজ

Block S8, Manicktala Housing Estate, Kol 700054
Ph. 9477355084; Email : shamiksarkar@bsnl.in

২৮ জানুয়ারি ২০১৪

প্রতি

বন্ধু,

আমরা আগামী ২৩ ফেব্রুয়ারি রবিবার সারা কলকাতা জুড়ে চক্রাকার একটি সাইকেল র‍্যালির আয়োজন করছি, ‘রাস্তা থাকবে যেখানে, সাইকেল চলবে সেখানে’ — এই স্লোগানকে সামনে রেখে। এই র‍্যালি–তে আপনাদের সার্বিক উপস্থিতি কামনা করছি। এই চিঠির সঙ্গে একটি প্রস্তাবিত রুট ম্যাপ দেওয়া হলো।

আপনারা নিশ্চয়ই জানেন, সম্প্রতি রাজ্য সরকার জানিয়ে দিয়েছে, তারা কলকাতার রাস্তায় সাইকেল চালানোর পক্ষে। তথাপি একটি বেআইনি অর্ডারকে নিয়ে কলকাতা পুলিশ রাস্তায় রাস্তায় ‘নো সাইক্লিং’ হোর্ডিং ঝুলিয়ে রেখেছে। অথচ কলকাতায় বায়ুদূষণ ভয়ঙ্করভাবে বেড়ে যাচ্ছে, হচ্ছে নানা ফুসফুসের রোগ। সাম্প্রতিক পরিসংখ্যানে দেখা যাচ্ছে, কলকাতায় ফুসফুসের ক্যানসার মারাত্মকভাবে বেড়ে চলেছে। এই পরিস্থিতিতে এবং সামগ্রিকভাবে দূষণমুক্ত যান সাইকেল চালানোর সচেতনতা বাড়াতে, চওড়া রাস্তায় সাইকেল লেন–এর প্রয়োজনীয়তা তুলে ধরতে এই র‍্যালি।

এই র‍্যালিতে আপনার/আপনাদের আংশিক/পূর্ণাঙ্গ উপস্থিতি কামনা করছি।

ধন্যবাদান্তে,

শমীক সরকার 033-24147730
রঘু জানা 9477355084
অলোক দত্ত 9831695661
শ্রীমান চক্রবর্তী 8013473747
অমলেন্দু সরকার 9830881213
জিতেন নন্দী 033-24913666
বিজন কাহালি 9433266282